# নির্বাচনকে সামনে রেখে সারাদেশে তিন দিনের সরকারি ছুটি




সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি সারাদেশে সরকারি ছুটি ঘোষণা করেছে সরকার। এই ছুটি নির্বাহী আদেশের মাধ্যমে কার্যকর হবে, যাতে কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষকরা ভোটগ্রহণে অংশ নিতে পারেন।

শিল্পাঞ্চলের শ্রমিক ও কর্মচারীদের জন্য আগামী ১০ ফেব্রুয়ারি বিশেষ ছুটি ঘোষণা করা হয়েছে। এতে তারা ভোটাধিকারের পাশাপাশি নির্বাচনের প্রস্তুতি ও অংশগ্রহণে সুবিধা পাবেন।

রোববার (২৬ জানুয়ারি) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করে এ তথ্য নিশ্চিত করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে, সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস, প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীরা নির্বাচনের কার্যক্রমে অংশ নিতে এই ছুটির সুযোগ পাবেন।

LENS ASIA